

## গুয়াতেমালার বিদেশমন্ত্রীর ভারত সফর

গুয়াতেমালার বিদেশমন্ত্রী মাননীয় কার্লোস রাউল মোরালেস মসকোসো ভারত সফরে এসেছিলেন ১৪-১৫ অক্টোবর, ২০১৪। তিনি ১৫ অক্টোবর ২০১৪ দেখা করেন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে। রাজনৈতিক, অর্থনৈতিক-বাণিজ্যিক, ব্যবসা ও সাংস্কৃতিক-সহ দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করার লক্ষ্যে দুই মন্ত্রী বৈঠক করেন। এ ছাড়াও তাঁরা আলোচনা করেন লাতিন আমেরিকান ক্যারাবিয়ান স্টেটস (সিইএলএসি) এবং কালচারাল আমেরিকান ইন্টিগ্রেশন সিস্টেম (এসআইসিএ)-র মতো স্থানীয় ও বহুজাতিক বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে।

এ ছাড়াও পররাষ্ট্রমন্ত্রী খরা মোকাবিলার জন্য গুয়াতেমালা সরকারকে দু'লক্ষ মার্কিন ডলার আর্থিক সাহায্য ঘোষণা করেন।

গুয়াতেমালার বিদেশমন্ত্রীর সফরের সময়েই ভারত-এলএসি বিনিয়োগ সংক্রান্ত সম্মেলনে যোগ দিতে দেশের বাণিজ্যিক প্রতিনিধিদের নিয়ে ১৫-১৬ অক্টোবর ২০১৪ ভারতে উপস্থিত ছিলেন গুয়াতেমালার অর্থমন্ত্রী মাননীয় সার্জিও ডে টা টোরে। এছাড়াও দ্বিপাক্ষিক বৈঠকে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী এবং উপ-বিদেশমন্ত্রী মাননীয় রডরিগো ভিয়েলমান। ভারত-এলএসি বিনিয়োগ সংক্রান্ত সম্মেলনে গুয়াতেমালার শীর্ষস্থানীয় ব্যবসায়ীদের অংশগ্রহণ দু'দেশের মধ্যে সম্পর্ক আরও জোরদার করবে বলে আশা করা হচ্ছে।

নয়াদিল্লি

অক্টোবর ১৫, ২০১৪